যায়যায়দিন
তারিখ 07 AUG 2008
পৃষ্ঠা ১০ কলাম ৪

# শিক্ষার্থীদের ক্লাস বর্জন, ২৪ ঘণ্টার আলটিমেটাম

ফরিদপুর প্রতিনিধি

বুধবার ফরিদপুর মেডিক্যাল কলেজের (এফএমসি) শিক্ষার্থীরা বিভিন্ন দাবি বাস্তবায়নে ক্লাস বর্জন, মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে। এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা তাদের দাবি বাস্তবায়নে ২৪ ঘণ্টার আলটিমেটাম দিয়ে একটি স্মারকলিপি দিয়েছে অধ্যক্ষর কাছে।

জানা যায়, ফরিদপুর মেডিক্যাল কলেজে দীর্ঘদিন ধরে শিক্ষার্থীদের আবাসন, পরিবহন, পানি, ক্যান্টিনসহ বিভিন্ন সমস্যা আছে। বিভিন্ন সময় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেও কোনো সুফল পাওয়া যায়নি। সম্প্রতি একই ক্যাম্পাসে ম্যাটসের (মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল) কার্যক্রম শুরু হলে এফএমসি'র ছাত্রছাত্রীরা বিক্ষুব্ধ হয়ে ওঠে। বুধবার মেডিক্যালের প্রায় চার শতাধিক শিক্ষার্থী ক্লাস বর্জন করে ক্যাম্পাসে অবস্থান নেয়। এ সময় তারা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও মানবন্ধন করে। তারা কর্তৃপক্ষকে ২৪ ঘণ্টার আলটিমেটাম দেয় ম্যাটসের কার্যক্রম বন্ধের। বিক্ষুব্ধ শিক্ষার্থী আজিজুল, এনামুল, রাজীব, সমর, ফেরদৌস আরা, নুসরাত জাহান জানায়, এফএমসিতে এমনিতেই ছাত্রছাত্রীদের আবাসন, ক্যান্টিন, পরিবহনের সমস্যা রয়েছে। তার ওপর আবার এ জরাজীর্ণ ক্যাম্পাসে ম্যাটস (মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল) কার্যক্রম শুরু হলে সব মিলে প্রতিষ্ঠানটির অবস্থা রুগ্ন হয়ে পড়বে। ঝিমিয়ে পড়বে এখানকার শিক্ষা ব্যবস্থা। শিক্ষার্থীরা জানান, আমরা সবাই এমবিবিএস পড়ছি, অথচ এ একই ক্যাম্পাসে মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল চলতে পারে না। আমরা এ কার্যক্রমের ঘোর বিরোধিতা করছি।

## ফরিদপুর মেডিক্যাল কলেজ

কলেজ কর্তৃপক্ষ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ মোতায়েন করে। শিক্ষার্থীরা জানান, তাদের দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত ক্লাস বর্জন অব্যাহত থাকবে ও একের পর এক কর্মসূচি দেয়া হবে।